

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ,
চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি (সংশোধনী)

সূত্র : স্পেশাল মামলা নং ৬৩/২২, আদেশ নং-০২, তারিখ : ১৯-১০-২২ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সূত্রে বর্ণিত মামলার আদেশে মোঃ আবদুল মালেক, উপ-সহকারী পরিচালক ও তদন্তকারী কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম ২ এর দৃঢ়ক বিধিমালা ১৮ বিধি/দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬ (২) ও ২৭ (১) ধারা তৎসহ দণ্ড বিধি'র ১০৯ ধারা এর সম্পৃক্ত অপরাধ এর মাধ্যমে জ্ঞাত আয়ের উৎসের সাথে অসঙ্গতিপূর্ণভাবে অর্জনপূর্বক উক্ত সম্পদ হস্তান্তর, হস্তান্তর ও রূপান্তর করে ভোগ দখলে রাখার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সংশ্লিষ্ট সম্পত্তি ক্রোক/অবরুদ্ধ (Freez/Attached) করণের আবেদনের উল্লিখিত অভিযোগ সংশ্লিষ্ট আসামীদ্বয় ১। সন্ধ্যা চৌধুরী (৩৪), পিতা-বিশ্বনাথ দাশ, স্বামী-রুপম চৌধুরী, সাং-সারোয়াতলী, উপজেলা-বোয়ালখালী, জেলা-চট্টগ্রাম এবং গ্রাম-৯৯৯, ওয়ার্ড-৩, ডাকঘর-রাঙ্গামাটি-৪৫০০, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা, বর্তমান ঠিকানা: পুষ্প কুঞ্জ, চুল্লা ফ্যাক্টরী মোড়, মধ্যম নাথ পাড়া (নির্মল মাস্টারের বাড়ী সংলগ্ন), হালিশহর, চট্টগ্রাম, জাতীয় পরিচয়পত্র নং-১৯৮৭১৫৯৫৫১১০০০৩৮৪ এবং ২। রুপম চৌধুরী ওরফে রুপন চৌধুরী ওরফে রিপন চৌধুরী (৪১), পিতা-দয়াল চৌধুরী, সাং-সারোয়াতলী, উপজেলা-বোয়ালখালী, জেলা-চট্টগ্রাম এবং গ্রাম-৯৯৯, ওয়ার্ড-৩, ডাকঘর-রাঙ্গামাটি-৪৫০০, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা, বর্তমান ঠিকানা: পুষ্প কুঞ্জ, চুল্লা ফ্যাক্টরী মোড়, মধ্যম নাথ পাড়া, (নির্মল মাস্টারের বাড়ী সংলগ্ন), হালিশহর, চট্টগ্রাম, জাতীয় পরিচয়পত্র নং-১৯৮১৮৪২৮৭০৩১১৬৮৭৭ এর নিম্ন বর্ণিত স্থাবর, অস্থাবর সম্পদসমূহ যে কোনো সময় উত্তোলিত, হস্তান্তর এবং মালিকানা পরিবর্তন হওয়ার আশংকা রয়েছে বিধায় এই সকল হিসাব ও সঞ্চয় পত্রসমূহ (Freez/Attached) অবরুদ্ধ/ক্রোক করণের আদেশ হয়।

(৭৯৩)

মূল্য : টাকা ৪.০০

স্থাবর সম্পত্তি

ক্রমিক নং	স্থাবর সম্পত্তির বিবরণ	যার নামে অর্জন করা হয়েছে	মূল্য (রেজিঃ সহ)	মন্তব্য
০১।	চট্টগ্রাম জেলাধীন পাহাড়তলী সাব-রেজিস্ট্রি অফিসের দলিল নং- ৩৫২৯/১৬ তারিখ: ২৮-০৮-২০১৬ মূলে মৌজা-দক্ষিণ কাট্রলী, বিএস দাগ নং-৬৮৩২, বিএস খতিয়ান নং-৫৬৯, থানা-সাবেক পাহাড়তলী, বর্তমানে হালীশহর ২.৮৭ শতাংশ জমিতে ০৪ তলা বাড়ী।	আসামী সন্ধ্যা চৌধুরী	জমির মূল্য ১,২২,০৪,৮৫০/- স্থাপনার মূল্য ৮৮,৪১,৪৯৮/- মোট=২,১০,৪৬,৩৪৮/-	স্থাপনার মূল্য নিরপেক্ষ প্রকৌশলী দ্বারা সরেজমিনে পরিমাপ গ্রহণ করে মূল্য নির্ধারণ করা হয়েছে।
		মোট=	২,১০,৪৬,৩৪৮/- টাকা	

“ছক-০১”

বেগম জেবুনেছা

মহানগর দায়রা জজ এবং

মহানগর সিনিয়র স্পেশাল জজ,

চট্টগ্রাম।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd